# RANIGANJ GIRLS'COLLEGE
# BA HONOURS IN BENGALI
## PROGRAM OUTCOMES

বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

ত্রিবার্ষিক বাংলা সাম্মানিক পাঠক্রম

(২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে প্রযোজ্য)

মোট নম্বর - ১৩০০

মোট সেমেস্টার – ০৬

১ম সেমেস্টার থেকে ৬য় সেমেস্টারের

অনুক্রম উদ্ভূত ফল

(PROGRAM OUTCOME)

- সি.বি.সি.এস সিস্টেমের অধীনে বি.এ. অনার্স এবং বাংলা ভাষা ও সাহিত্যের প্রোগ্রাম কোর্সকে অনার্স এবং প্রোগ্রাম কোর্সের শিক্ষার্থীদের জন্য বিভিন্ন অংশে বিভক্ত করা হয়েছে। যথাক্রমে- ১. কোর কোর্স, ২. ডিসিপ্লিন স্পেসিফিক কোর্স, ৩. জেনেরিক ইলেক্ট্রিভ কোর্স, ৪. স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স, ৫. এবিলিটি এনহ্যান্সমেন্ট কোর কোর্স বা (বাংলা কমিউনিকেশন কোর্স) এবং ৬. মডার্ন ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজ (MIL) কোর্স।
- এই কোর্স গুলিতে সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের নির্বাচিত ইতিহাস বিষয় জানার সুযোগ রয়েছে। এর পাশাপাশি বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, ছন্দশাস্ত্র, অলঙ্কারশাস্ত্র এবং ভাষাতত্ত্ব সম্পর্কে জানার বিস্তৃত সুযোগ রয়েছে।
- এই কোর্স একজন শিক্ষার্থীকে ভবিষ্যতে পরিশীলিত বাংলা লেখা, পড়া এবং কথা বলার দক্ষতা অর্জন করতে সাহায্য করবে। এই কোর্সটি সম্পূর্ণ করার পর শিক্ষার্থী তার নিজ কর্মক্ষেত্রে সফল হওয়ার সম্ভাবনা রয়েছে।
- অনার্সের ১৪টি আবশ্যিক কোর্সের মধ্যে প্রাচীন ও মধ্যযুগীয় বাংলা সাহিত্য, আধুনিক বাংলা সাহিত্য, বাংলা নাটক, বাংলা ছোটোগল্প, বাংলা উপন্যাস, বাংলা প্রবন্ধ, রবীন্দ্র সাহিত্য এবং দর্শনের মতো অনেক আকর্ষণীয় এবং জ্ঞানবর্ধক বিষয় পাঠ্যসূচিতে রয়েছে যেগুলি অধ্যয়ন করে শিক্ষার্থীরা বিষয়ের স্বরূপ উপলব্ধি করতে পারবে।
- বাংলা ছাড়া অন্যান্য বিষয়ের শিক্ষার্থীরা বাংলা ভাষা, সাহিত্য, সংস্কৃতি সম্পর্কে সম্যক ধারণা পাবে GE কোর্সের মাধ্যমে।
- এই অনার্স বি.এ. প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা সাহিত্য, সমাজ ও মানবজীবন সম্পর্কে বিস্তৃতজ্ঞান লাভ করতে সক্ষম হবে। সেই সঙ্গে ভারতীয় এবং বাঙালি সংস্কৃতি, ঐতিহ্য সম্পর্কে তাদের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধিলাভ করবে।

## অনুক্রম নির্দিষ্ট উদ্ভূত ফল
## (PROGRAM SPECIFIC OUTCOME)

- তিন বছরের বি.এ. অনার্স ডিগ্রি (প্রথম থেকে ষষ্ঠ সেমেস্টার) অনুক্রমটি সফল সমাপ্তির পর একজন শিক্ষার্থী নিম্নলিখিত উদ্দেশ্যগুলি চরিতার্থ করতে সক্ষম হবে।
- বাংলা সাহিত্যের শিক্ষার্থীরা এই অনুক্রম পাঠে প্রাচীন, মধ্যযুগীয় এবং আধুনিক বাংলা সাহিত্যের একটি সম্যক ধারণা পাবে।
- ভাষাচর্চার ক্ষেত্র দিন দিন বাড়ছে। বাড়ছে কাজের সুযোগ। ফলে বাংলা ভাষাচর্চার ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান সম্পর্কে জ্ঞানলাভ সার্থক হয়ে উঠবে।
- ছন্দ, অলঙ্কার, মঙ্গলকাব্য, পদাবলি সাহিত্য (বৈষ্ণব ও শাক্ত), অনুবাদ সাহিত্য, ইংরাজি ও সংস্কৃত সাহিত্যের তুলনামূলক পাঠ নিয়ে সঠিক ধারণা এবং নীতিগুলি প্রয়োগ করতে শিখবে।
- গদ্য সাহিত্য, কথাসাহিত্য, নাট্যসাহিত্য , কবিতা এবং সাহিত্য সমালোচনা শিক্ষার্থীদের মধ্যে সাহিত্যবোধ গড়ে তুলবে।
- নাটক, উপন্যাস, ছোটোগল্প, কবিতার প্রকরণগুলি সম্পর্কে শিক্ষার্থীরা জ্ঞানলাভ করবে। এই অংশ পাঠ শিক্ষার্থীদের মধ্যে নান্দনিকতার বোধ জাগিয়ে তুলবে।

  সর্বোপরি, সুবিন্যস্ত এই অনুক্রমটি সাম্মানিক শিক্ষার্থীদের ভবিষ্যতে উচ্চতর অধ্যয়ন ও গবেষণাকাজে সাফল্য অর্জনে সাহায্য করবে।

# BA PROGRAM IN BENGALI

## PROGRAM OUTCOMES

### বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

ত্রিবার্ষিক স্নাতক বাংলা পাঠক্রম

মোট সেমেস্টার - ০৬

১ম সেমেস্টার থেকে ৬ষ্ঠ সেমেস্টারের

অনুক্রম উদ্ভূত ফল

(PROGRAM OUTCOME)

- সি.বি.সি.এস সিস্টেমের অধীনে বি.এ. প্রোগ্রাম বা স্নাতক বাংলা পাঠক্রমকে কয়েকটি ভাগে বিভক্ত করা হয়েছে। এগুলি হল যথাক্রমে- ১. কোর কোর্স (CC) বা আবশ্যিক কোর্স, ২. ডিসিপ্লিন স্পেসিফিক কোর্স (DSE) বা স্নাতক বাংলা ঐচ্ছিক কোর্স, ৩. জেনেরিক ইলেক্টিভ কোর্স (GE), ৪. স্কিল এনহান্সমেন্ট কোর্স (SEC) বা ভাষাবোধ ও রচনাশক্তির নৈপুণ্য বৃদ্ধির পাঠক্রম, ৫. এবিলিটি এনহান্সমেন্ট কোর কোর্স (AECCB) বা বাংলা ভাষার দক্ষতা বৃদ্ধির আবশ্যিক পাঠক্রম  বা বাংলা কমিউনিকেশন (BENGALI COMMUNICATION) পাঠক্রম এবং ৬. মডার্ন ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজ (এম আই এল) / বি (MIL /B)  বা আধুনিক ভারতীয় ভাষা (বাংলা) চর্চার পাঠক্রম।
- এই কোর্স গুলিতে বাংলা ভাষা ও  সাহিত্যের ইতিহাস বিষয় জানার সুযোগ রয়েছে। এর পাশাপাশি ছন্দশাস্ত্র, অলঙ্কারশাস্ত্র, ভাষাতত্ত্ব সম্পর্কে জানার বিস্তৃত সুযোগ রয়েছে।
- এই বিষয়গুলি শিক্ষার্থীদের ভবিষ্যতে পরিচ্ছন্ন বাংলা লেখা, পড়া এবং পরিশীলিত কথা বলার দক্ষতা অর্জন করতে সাহায্য করবে। এই কোর্সটি সম্পূর্ণ করার পর শিক্ষার্থীরা তাদের নিজ নিজ কর্মক্ষেত্রে সফল হতে পারবে আশা করা যায়।
- বাংলা প্রোগ্রাম বা স্নাতক বাংলা পাঠক্রমের আবশ্যিক কোর্সগুলির মধ্যে প্রাচীন ,মধ্যযুগীয় ও আধুনিক যুগের বাংলা সাহিত্য,, বাংলা নাটক, বাংলা ছোটোগল্প, বাংলা উপন্যাস, বাংলা প্রবন্ধ, রবীন্দ্র সাহিত্য এবং দর্শনের মতো অনেক আকর্ষনীয় এবং জ্ঞানবর্ধক বিষয় পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে । এগুলি যত্নের সঙ্গে অধ্যয়ন করলে বাংলা সাহিত্যের নেপথ্যের ঘটনা ও অন্তর্গত স্বরূপ সম্পর্কে সম্যক অবহিত হবে।
- এই পাঠক্রমে বাংলা স্নাতকের ছাত্রছাত্রীরা ছাড়াও অন্যান্য বিষয়ের শিক্ষার্থীরা বাংলা ভাষা, সাহিত্য ও বাঙালির ধারাবাহিক সংস্কৃতি ও ইতিহাস সম্পর্কে বাংলা কথাসাহিত্য, নাটক, গদ্যসাহিত্য ও শিশুসাহিত্য সম্পর্কে জানতে পারবে GE কোর্সের মাধ্যমে।

- স্নাতক বাংলা (প্রোগ্রাম) পাঠক্রমের মাধ্যমে শিক্ষার্থীরা সাহিত্য, সমাজ ও মানবজীবন সম্পর্কে বিস্তৃতজ্ঞান লাভ করতে সক্ষম হবে । সেই সঙ্গে ভারতীয় এবং বাঙালি সংস্কৃতি, ঐতিহ্য সম্পর্কে তাদের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ করবে, যা ভবিষ্যৎ কর্ম জীবনে সাহায্য করবে।

ত্রিবার্ষিক বাংলা স্নাতক পাঠক্রম

অনুক্রম নির্দিষ্ট উদ্ভূত ফল

(PROGRAM SPECIFIC OUTCOME)

- তিন বছরের বি.এ. প্রোগ্রাম বা স্নাতক বাংলা ডিগ্রি (প্রথম থেকে ষষ্ঠ সেমেস্টার) অনুক্রমটি সফল ভাবে সমাপ্ত করার পর শিক্ষার্থীরা নিম্নলিখিত উদ্দেশ্যগুলি চরিতার্থ করতে সক্ষম হবে।
- বাংলা সাহিত্যের (প্রোগ্রাম) শিক্ষার্থীরা এই অনুক্রম পাঠে প্রাচীন, মধ্যযুগীয় এবং আধুনিক বাংলা সাহিত্যের একটি সম্যক ধারণা পাবে।
- ভাষাচর্চার ক্ষেত্র ও পরিসর বর্তমানে ক্রমবর্ধমান। এর ফলে বাড়ছে কাজের সুযোগ। ফলে বাংলা ভাষা, তথা ব্যাকরণ চর্চার মধ্যমে ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান, শব্দভাণ্ডার সম্পর্কে শিক্ষার্থীরা এই লক্ষ্যে প্রচুর জ্ঞানলাভ করবে।
- ছন্দ, অলঙ্কার ভাষার গঠন ও সৌন্দর্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ছাত্রছাত্রীদের স্বচ্ছন্দ গদ্য ও পদ্য রচনা তথা সৃজনশীল রচনায় সাহায্য করবে এই বিষয়ের চর্চা।
- গদ্য সাহিত্য, কথাসাহিত্য, নাট্যসাহিত্য এবং কবিতা, সাহিত্য সমালোচনা শিক্ষার্থীদের মধ্যে সাহিত্যবোধ ও জীবনবোধ গড়ে তুলবে।
- নাটক, উপন্যাস, গদ্যরচনা, রম্যরচনা, প্রবন্ধ, ছোটোগল্প, কবিতা- ইত্যাদি প্রকরণগুলি সম্পর্কে শিক্ষার্থীরা জ্ঞানলাভ করবে। এই অংশ পাঠে শিক্ষার্থীদের মধ্যে নান্দনিকতা ও বিশ্লেষণ ধর্মিতার বোধ জাগিয়ে তুলবে।
- প্রতিবেদন রচনা, অনুবাদ চর্চা, বিজ্ঞাপনের খসড়া রচনা, প্রুফ সংশোধন, শুদ্ধ বানান বিধি চর্চা, পরিভাষা শিক্ষা ইত্যাদি ব্যবহারিক বাংলা অনুশীলনের মাধ্যমে ছাত্রছাত্রীরা ভবিষ্যৎ কর্মজীবনে অর্থাৎ সংবাদ পত্র ও বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়া এবং গ্রন্থপ্রকাশনা ও বিজ্ঞাপন সংস্থায় কাজের সুযোগ পাবে।
- 'প্রকল্পপত্র রচনা ও উপস্থাপনার কোর্সটি ছাত্রছাত্রীদের গবেষণা মুলক, ক্ষেত্র সমীক্ষামূলক, সামাজিক, সাংস্কৃতিক, সাহিত্যিক প্রকল্প রচনায় উদ্বুদ্ধ করবে। এছাড়াও 'প্রয়োগশৈলী কোর্সের' মাধ্যমে শিক্ষার্থীদের মাধ্যে সৃজনশীল রচনার প্রবণতা বাড়বে। এই পর্যায়ে তারা সম্পাদনার কাজও শিখতে পারবে। যা তাদের কর্মজীবনে সাহায্য করবে।